

রাজধানীতে মহিলাদের জন্য একটি মহিলা বিশ্ববিদ্যালয়ের আবেদন

নারী শিক্ষার উন্নয়নের জন্য আপনার সরকার যে অসীম ভূমিকা রেখেছেন তা প্রশংসার দাবী রাখে। বাংলাদেশের মেয়েরা আপনার ডাকে সাড়া দিয়ে শিক্ষার দিকে এগিয়ে আসছে। আমার দৃঢ় বিশ্বাস, দেশের মেয়েরা যদি উচ্চ শিক্ষার দিকে এগিয়ে আসে তাহলে আমাদের দেশটি দ্রুত উন্নতির দিকে ধাবিত হবে। প্রত্যেক বাবা-মা-ই চান তার সন্তানকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে তুলতে। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে যে, সমাজের নৈতিক অবক্ষয়ের কারণে কোথাও সৃষ্টি পরিবেশ আমরা দেখতে পাচ্ছি না। এহেন অস্বস্তিকর পরিবেশে সহ-শিক্ষায় মেয়েদের পড়তে দিয়ে প্রত্যেক অভিভাবকই প্রতিনিয়ত চিন্তিত থাকেন। আমরা মনে করি, আমাদের অবশ্যই একটি মহিলা বিশ্ববিদ্যালয় হওয়া দরকার। সংবাদপত্রের মারফত জানুয়ারি পায়লাম, বিদেশী উদ্যোগে 'এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন' নামে বগুড়ায় মেয়েদের জন্য একটি মহিলা বিশ্ববিদ্যালয় হতে যাচ্ছে। এটা আমাদের দেশের জন্য অত্যন্ত আনন্দের বিষয়। আমরা এটাকে স্বাগতম জানাচ্ছি। এছাড়া দেশের রাজধানী ঢাকাতেও একটি মহিলা বিশ্ববিদ্যালয় থাকা একান্তই প্রয়োজন। আপনে গত ১০-১০-০২ তারিখে রেডিও-টেলিভিশনের প্রদত্ত ভাষণের মাধ্যমে উল্লেখ করেছেন দেশের পাঁচটি ঐতিহ্যবাহী কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করবেন। আপনার কাছে বিনীতভাবে অনুরোধ করছি- এই পাঁচটি কলেজের মধ্য থেকে অন্তত একটি কলেজকে মেয়েদের জন্য পূর্ণাঙ্গ মহিলা বিশ্ববিদ্যালয় করে দিবেন। ইতিপূর্বে কোন সরকারই মেয়েদের জন্য পৃথক বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা চিন্তা করেনি। কাজেই সরকারী উদ্যোগে একটি মহিলা বিশ্ববিদ্যালয় হলে সেটা দেশের কেন্দ্রবিন্দু রাজধানী ঢাকাতেই হওয়া দরকার। ইতিমধ্যে দৈনিক ইনকিলাবে কয়েকটি লেখার মাধ্যমে দেখতে পেলাম, সবাই ঐতিহ্যবাহী ইডেন কলেজটি মহিলা বিশ্ববিদ্যালয় করার আবেদন জানিয়েছেন। বিশেষ করে ডঃ মাহবুবা রহমানের প্লেথার সাথে একমত পোষণ করে আমি বলছি, একটি মহিলা বিশ্ববিদ্যালয় রাজধানী ঢাকাতেই হওয়া উচিত। দেশের প্রত্যন্ত অঞ্চলের মেয়েদের কথা চিন্তা করে ঐতিহ্যবাহী ইডেন কলেজটিকে পূর্ণাঙ্গ মহিলা বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করে সমগ্র দেশবাসীর কাছে আপনি চির স্মরণীয় হয়ে থাকবেন।

—নাজমা বেগম

প্রভাষক, অর্থনৈতিক বিভাগ
নূরুন্ নেহার সরকারী মহিলা কলেজ